

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর  
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির জুলাই-২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি	: মোঃ হাবিবুর রহমান পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি, নৈতিকতা উপকমিটি। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ	: ২৮/০৭/২০১৯ খ্রিঃ।
সময়	: ১১:০০ ঘটিকা
স্থান	: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা	: পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে নৈতিকতা উপকমিটির বিগত ২৭/০৬/২০১৯ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	জনবল মঞ্জুরি	জনবল মঞ্জুরির প্রস্তাবসমূহ অধিকতর পরীক্ষা নিরীক্ষাপূর্বক প্রেরণ করতে হবে এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় নিয়মিত যোগাযোগ করে জনবল মঞ্জুরির কাজ সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)
২.	নিয়োগবিধি সংশোধন	নিয়োগ বিধিমালার বিদ্যমান সমস্যাবলী চিহ্নিত করে পর্যায়ক্রমে সংশোধনের প্রস্তাব প্রেরণ এবং পূর্ণাঙ্গ নিয়োগ বিধিমালা সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	ডিএডি আরমান (রিফর্ম সেল)
৩.	২০১৯-২০ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন	পিপিএ ২০০৬-এর ধারা ১১ (২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬ (৬) অনুযায়ী ৩১/০৭/২০১৯ এর মধ্যে প্রকল্পসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৯-২০ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (ক্রয় ও স্টোর) এবং (পরিকল্পনা কোষ)
৪.	স্বচ্ছ অভিযোগ বক্স স্থাপন	সকল দপ্তরে “দুর্নীতি করব না, দুর্নীতি করতে দিব না” শ্লোগানযুক্ত অভিযোগ দাখিলের জন্য স্থাপিত স্বচ্ছ অভিযোগ বক্স নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
৫.	অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিধিমালা, ২০১৪	অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিধিমালা, ২০১৪ সংশোধনের লক্ষ্যে গঠিত কমিটিকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (ওঃ ফাঃ প্রিঃ)
৬.	উত্তম চর্চার তালিকা প্রণয়ন	৩০/০৯/২০১৯ এর মধ্যে উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	ডিএডি হেলাল (রিফর্ম সেল)
৭.	পরিদর্শন	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম সূচারুভাবে সম্পন্নকরণের জন্য অধিদপ্তরের বিভিন্ন শাখাসহ মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন/আকস্মিক পরিদর্শন করে প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
৮.	পদক প্রদান নীতিমালা প্রণয়ন	মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় নিয়মিত যোগাযোগ করে সাহসিকতা ও ঝুঁকিপূর্ণ কাজের জন্য “পদক প্রদান নীতিমালা (বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর)-২০১৯” প্রণয়ন ৩১/১২/২০১৯ এর মধ্যে চূড়ান্ত করতে হবে।	ডিএডি হেলাল (রিফর্ম সেল)
৯.	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি ১০০% বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উপপরিচালক (পরিঃ কোষ)
১০.	ওয়েবসাইট ও সিটিজেন চার্টার হালনাগাদকরণ	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইট ও সিটিজেন চার্টারে সংযোজিত বিভিন্ন তথ্যসমূহ নিয়মিত হালনাগাদ রাখতে হবে।	ডি এ ডি হেলাল ও আইসিটি সেল
১১.	ডিজিটাল আর্কিটেকচার ও ডেজিগনেটেড অফিসার	নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং “ডেজিগনেটেড অফিসার” নিয়োগ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে।	ওঃ হাঃ ইন্সঃ হিরন
১২.	সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত	অত্র অধিদপ্তর কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবাগ্রহীতাদের মতামত গ্রহণপূর্বক মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালু করে আগামী ৩১/০৭/২০১৯ এর মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অধিদপ্তরকে অবহিত করতে হবে।	সংশ্লিষ্ট ডিডি, এডি ও ডিএডি
১৩.	ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্পের কার্যক্রম সম্পন্নকরণ	সক্ষমতা বৃদ্ধিকল্পে ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্পের কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্নকরণ নিশ্চিতকরণ করতে হবে।	উপপরিচালক (পরিঃ কোষ)



কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধিমূলক সভা/ প্রশিক্ষণ প্রদান	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অভ্যন্তরীণ সকল প্রশিক্ষণে জাতীয় শুদ্ধাচার কৌশল; ইনোভেশন; বেস্ট প্রেকটিসসহ অন্যান্য সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ এবং নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচারণ বিধিমালা- ১৯৭৯; সচিবালয় নির্দেশমালা- ২০১৪; তথ্য অধিকার আইন- ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন- ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা-২০১৭-সহ অন্যান্য চাকরি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।	অধ্যক্ষ ট্রেনিং কমপ্লেক্স) ও সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
১৫. “এ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ প্রকল্প” ফেইজ-২ ডিপিপি চূড়ান্তকরণ	এ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণের লক্ষ্যে ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে “এ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ প্রকল্প” ফেইজ-২ এর ডিপিপি চূড়ান্তকরণ নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (পরিঃ কোষ)
১৬. ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন	ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন উপযোগী সকল ক্রয়কার্য ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্নকরণ নিশ্চিত করতে হবে। নির্ধারিত সীমার বাইরে কোর্টেশনের মাধ্যমে ক্রয় করা যাবেনা	ডিডি (পরিঃ কোষ) ও এডি
১৭. নথির শ্রেণি বিন্যাসকরণ	অধিদপ্তরসহ সকল দপ্তরের নথিসমূহ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী শ্রেণি বিন্যাস করে প্রত্যেক দপ্তরের তালিকা নিয়মিত হালনাগাদ রাখতে হবে।	ডিডি, এডি ও ডিএডি (সকল)


সভায় অন্য কোন আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অধিনস্ত সকলের অবগতি ও বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০২০.১৫.১৬৫.১৭-

৮৪৮০ (৬৬)

তারিখঃ


০৫/১১/২০১৯ খ্রিঃ।



মোঃ হাবিবুর রহমান  
পরিচালক (প্রশাসন ও অর্থ)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

১. অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, অগ্নি অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (অপারেশন ও মেইনটেনেন্স)/ (পেরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ) (প্রকল্প-২৫, সংশোধিত-৪৬)/ (প্রকল্প-১৫৬)/ (সেফার প্রকল্প)/ (ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্প)/ (১১টি মডার্ন প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৪. উপপরিচালক (অপাঃ ও মেইন)/ (উন্নয়ন)/ (পেরিকল্পনা কোষ)/ (এ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৫. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঢাকা বিভাগ, ঢাকা।
৬. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ)/ (ওয়্যারহাউজ ফায়ার প্রিভেনশন)/ (ক্রয় ও স্টোর)/ (অপারেশন)/ (উন্নয়ন)/ (প্রশিক্ষণ)/ (পেরিকল্পনা কোষ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
৮. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৯. উপসহকারী পরিচালক (রিফর্ম সেল), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. উপসহকারী পরিচালক (ফায়ার সেফটি সেল), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা (সকল)।
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩. স্টোর অফিসার, কেন্দ্রীয় স্টোর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৪. সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিদ্দিকবাজার, ঢাকা।
১৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, মিডিয়া সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, (ওয়েবসাইটে আপলোডের জন্য)।

  
শামীম আহসান চৌধুরী  
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)